পল্লবী আর্ট
আল্পনা, মেহেন্দী, ওয়াল পেন্টিং, ফেব্রিক, গ্লাস পেন্টিং যত্ন সহকারে করা হয়।
বাচ্চাদের খুব যত্ন সহকারে আঁকা শেখানো হয়।
Mob. : 8240006480



বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-
৯২৩২৬৩৩৮৯৯
৯৬৪৭৭৯১৯৮৬



স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র

# সার্বভৌম সমাচার

RNI Rgn. No. WBBEN/2017/75065 ❑ Postal Regn No.- Brs/135/2020-2022 ❑ Vol. 6 ❑ Issue 03 ❑ 07 Apr. 2022 ❑ Weekly ❑ Thursday ❑ ₹ 2



নতুন সাজে সবার মাঝে
শীতাতপ নিয়ন্ত্রিত
ALANKAR
অলঙ্কার
সরকার অনুমোদিত ২২/২২ ক্যারেট K.D.M সোনার গহনা নির্মাতা ও বিক্রেতা
যশোহর রোড • বনগাঁ
M : 9733901247


## তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বে রক্তাক্ত বনগাঁ, আহত ৬

প্রতিনিধি : ইউনিয়ন অফিস দখল করাকে কেন্দ্র করে তৃণমূল শ্রমিক ইউনিয়নের দুই গোষ্ঠির সংঘর্ষের ঘটনায় উত্তেজনা ছড়ালো বনগাঁয়। বৃহস্পতিবার দুপুরে ঘটনাটি ঘটেছে বনগাঁ থানার মতিগঞ্জ এলাকায়। চলল ধাক্কাধাক্কি, মারপিট ইট বৃষ্টি। ইটের আঘাতে ২ জন বাস শ্রমিকের মাথা ফেটে রক্ত ঝরতে থাকে। মারধরে উভয় পক্ষের বেশ কয়েকজন জখম হয়। ঘটনাস্থলে বনগাঁ থানার বিশাল পুলিশবাহিনী গিয়ে পরিস্থিতি স্বাভাবিক করে।

স্থানীয়রা জানিয়েছে, মতিগঞ্জ এলাকায় আইএনটিটিইউসি শ্রমিক ইউনিয়ন পরিচালিত একটি অফিস ঘর রয়েছে। মতিগঞ্জ ৯২ বাস ইউনিয়ন ও অটো ইউনিয়নের শ্রমিকেরা অফিসের দুটি আলাদা ঘরে বসে তাদের কাজ কর্ম সামলান। সম্প্রতি দু'পক্ষই ওই অফিসটি





কোন্দলে আহত দুই তৃণমুলী কর্ম সমর্থক। ছবি ঃ নিজস্ব

নিজেদের বলে দাবি করে। এই ঘটনাকে কেন্দ্র করে দুই গোষ্ঠির বিবাদ চলছিল।

বাস ইউনিয়নের সদস্যরা জানিয়েছেন, দিন কয়েক আগে তাঁদের অফিসে তালা দিয়ে ঘর দখল করে অটো ইউনিয়নের সদস্যরা। তার প্রতিবাদে এদিন সকালে তালা ভেঙে অফিসের ভেতরে পাঁচিল তুলছিল তাঁরা।

ঘটনার প্রতিবাদে অটোচালকেরা মিছিল করে মতিগঞ্জ মোড়ে জড়ো হতেই দু'পক্ষের মধ্যে সংঘর্ষ বেধে যায়। শুরু হয় ইট বৃষ্টি। মারধোর ইটের আঘাতে উভয়পক্ষের কয়েকজন জখম হয়। দুজনার মাথা ফেটে যায়। বিশাল পুলিশবাহিনী পৌঁছে পরিস্থিতি স্বাভাবিক করে। মতিগঞ্জ ৯২ বাস ইউনিয়নের সম্পাদক গৌতম ঘোষ বলেন "৫০ বছর ধরে আমরা ওই ঘরে বসে নিজেদের কাজকর্ম সামলাচ্ছি। কিছুদিন আগে অটো ইউনিয়নের সদস্যরা তালা মেরে ওই ঘরটি দখল করে নেয়। সেই তালা ভেঙে আমরা অফিসে পাঁচিল দিয়ে আমাদের জায়গা ঘিরতে গেলে ওরা আমাদের মারধর করে দুজন শ্রমিকের মাথা ফাটিয়ে দেয়।

অভিযোগ অস্বীকার করে মতিগঞ্জ অটো ইউনিয়নের সাধারণ সম্পাদক বিশ্বজিৎ অধিকারী বলেন, "অফিসের কাগজপত্র অটো ইউনিয়নের নামে। ওদের বৈধ কোনো কাগজপত্র না থাকলেও জোর করে পাঁচিল দেওয়ার প্রতিবাদ করায় আমাদের মারধর করে অটোরিকশা ভেঙে দেয় ওরা।"

প্রকাশ্যে তৃণমূলের দুই গোষ্ঠীর মারপিটের ঘটনা নিয়ে প্রশ্ন তুলেছেন বিজেপি নেতা দেবদাস মন্ডল। তিনি বলেন, "তৃণমূলের দুই গোষ্ঠীর কোন্দলে মতিগঞ্জ এলাকার ব্যবসায়ীরা দোকানপাট বন্ধ করে ভয়ে বাড়িতে চলে যাচ্ছে। মানুষ আতঙ্কে থাকছে। কোন্দল মারপিট যা খুশি করুন কিন্তু সেটা নিজেদের ঘরে করুন। এ বিষয়ে বনগাঁ তৃণমূল শ্রমিক সংগঠনের সভাপতি নারায়ণ ঘোষ বলেন, "বিষয়টি কী হয়েছে আমার জানা নেই। খোঁজখবর নিয়ে দেখছি।

## নতুন ট্রাক পার্কিং তৈরীর জন্য জমি পরিদর্শন

প্রতিনিধি : বনগাঁয় আরো কয়েকটি ট্রাক পার্কিং তৈরীর জন্য জমি দেখলেন রাজ্য পরিবহণ দপ্তরের প্রিন্সিপাল সেক্রেটারি রাজেশ কুমার সিংহ। শুক্রবার তিনি বনগাঁয় আসেন। সঙ্গে ছিলেন জেলাশাসক সুমিত গুপ্তা। তারা বনগাঁ মিলন পল্লী পার্কিং ঘুরে দেখেন। এরপর গোপালনগরে গিয়ে দুটি জমি দেখেন। শেষে তারা পেট্রাপোল বন্দরে ট্রাক পার্কিং এলাকা ঘুরে দেখেন। জেলাশাসক বলেন বনগাঁতে আরও কয়েকটি ট্রাক পার্কিং তৈরীর জন্য জমি দেখা হয়েছে। রাজ্য সরকার জমি কিনে ট্রাক পার্কিং তৈরি করবে। বনগাঁর পেট্রাপোল বন্দর দিয়ে ভারত বাংলাদেশের মধ্যে সীমান্ত বাণিজ্য চলে। সে কারণে কয়েক হাজার ট্রাক বনগাঁ কালীতলা পার্কিং-এ এসে জড়ো হয়। অনেক সময় পার্কিং ভরে গিয়ে বনগাঁ শহরের রাস্তায় ট্রাক লাইন দিয়ে দাঁড়িয়ে পড়ে। সে কারণে শহরের মধ্যে যানজটের সৃষ্টি হয়। দীর্ঘদিন ধরে বনগাঁর মানুষ যানজট সমস্যায় জেরবার। সম্প্রতি মুখ্যমন্ত্রীর নির্দেশে কালীতলা পার্কিংটি রাজ্য পরিবহন দপ্তরের হাতে হস্তান্তর করে বনগাঁ পৌরসভা। তারপরেই বনগাঁয় আরো কয়েকটি ট্রাক-পার্কিং তৈরির সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন।

## বাবার মাথা ফাঁটিয়ে শ্রীঘরে গুণধর ছেলে

প্রতিনিধি : ছেলের বন্ধু-বান্ধবীরা বাড়িতে এসে অশ্লীল ভাবে মেলামেশা করছিল। প্রতিবাদ করায় বাবাকে মারধোর করে মাথা ফাঁটানোর অভিযোগ উঠল ছেলের বিরুদ্ধে। বুধবার সকালে ঘটনাটি ঘটেছে গাইঘাটা থানার ঠাকুর নগর কাড়লা গ্রামে। আহত বাবা স্বপন বিশ্বাস। পরিবারের সদস্যরা তাঁকে চাঁদপাড়া ব্লক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে গেলে তার মাথায় চারটি সেলাই পড়ে। স্বপন বাবু ছেলে সুমন বিশ্বাসের বিরুদ্ধে গাইঘাটা থানায় লিখিত অভিযোগ দায়ের করলে ছেলেকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। পরিবারের অন্যান্য সদস্যরা জানিয়েছেন, স্বপন বাবু ও তাঁর স্ত্রী ফুল বিক্রি করেন। বেশির ভাগ সময় তারা বাড়ির বাইরে থাকেন। ফাঁকা বাড়িতে প্রায়ই বন্ধু ও বান্ধবীদের নিয়ে আড্ডায় মেতে উঠত সুমন। সুমন বাড়িতে প্রায়ই বন্ধু ও বান্ধবীদের নিয়ে আসত। ছেলেকে বারণ করা সত্ত্বেও শুনত না। এদিন সকালে কাজ থেকে বাড়ি ফিরে স্বপন বাবু দেখেন, ঘরের মধ্যে ছেলের বন্ধু ও তার এক বান্ধবী আপত্তিকর অবস্থায় রয়েছে। ঘটনা দেখে ক্ষুব্ধ হন স্বপন বাবু। ওই যুবক যুবতীদের ঘরে আটকে রাখতে গেলে অভিযুক্ত ছেলে সুমন বিশ্বাসের সাথে তার ধস্তাধস্তি হয়। অভিযোগ সে সময় ছেলে ইঁট দিয়ে তার মাথা ফাটিয়ে দেয়। ঘরের সামনে ছিটকে পড়েন তিনি। মাথা থেকে রক্ত চতুর্থ পাতায়...


LIC
কর্মসংস্থান
LICI তে এজেন্ট নিয়োগ চলছে
স্টাইপেন্ড- ৫০০০ টাকা তৎসহ কমিশন।
উজ্জ্বল চন্দ (ডেভেলপমেন্ট অফিসার)
যোগাযোগ- ৭৯০৮৬২৯৪৬২ / ৯৯৩২৭২৯০৯৫


## পৌর প্রধানের চেষ্টায় অ্যাডমিট পেল দুই ছাত্রী

প্রতিনিধি : অসুস্থ হয়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফর্ম ফিলাপ করতে পারেনি দুই ছাত্রী। পৌর প্রধানের উদ্যোগে ফর্ম ফিলাপ করে পরীক্ষার কয়েক ঘণ্টা আগে এডমিট কার্ড হাতে পেল দুই ছাত্রী।

শনিবার সকালে উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিতে গেলেন তাঁরা। বনগাঁর পৌর প্রধানকে ধন্যবাদ জানালেন ওই দুই ছাত্রীর পরিবার।

পরিবারের সদস্যরা জানিয়েছেন, সোনিয়া ঘোষ, শ্বেতা কর বনগাঁর গৌরী সুন্দরী উচ্চ বালিকা বিদ্যালয়ের দ্বাদশ শ্রেণীর ছাত্রী। এবার উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফর্ম ফিলাপ চলার সময় তারা শারীরিকভাবে অসুস্থ ছিলেন। সে কারণে ফর্ম ফিলাপ করে এডমিট কার্ডের আবেদন করতে পারেনি তাঁরা। সম্প্রতি স্কুল কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে কোন সদর্থক উত্তর না পেয়ে বনগাঁ পৌরসভার চেয়ারম্যান গোপাল শেঠের দ্বারস্থ হয়েছিলেন ছাত্রী ও তার পরিবার।

এরপরই হায়ার সেকেন্ডারি কাউন্সিলে যোগাযোগ করে ঘটনার কথা জানান গোপাল বাবু। গোপাল শেঠ বলেন" ছাত্রীদের ভবিষ্যতের কথা ভেবে ডেপুটি সেক্রেটারিকে ফোন করে অনুরোধ করি। পাশাপাশি স্কুলের পক্ষ থেকেও দুই ছাত্রীর নথিপত্র মেইল করতে বলি। গতকাল স্কুল কর্তৃপক্ষের হাতে এডমিট কার্ড তুলে দেয় কাউন্সিল।

শুক্রবার রাতে এডমিট কার্ড হাতে পেয়ে কৃতজ্ঞতা জানাতে গোপাল বাবুর কাছে ছুটে আসেন দুই ছাত্রী ও তার পরিবারের সদস্যরা। ছাত্রী সোনিয়া ঘোষ বলেন" পরীক্ষা দিতে পারবো না ভেবে হতাশ হয়েছিলাম। আমাদের পৌরপ্রধান তদারকি করে পরীক্ষায় বসার ব্যবস্থা করলেন। তৃতীয় পাতায়...

## অস্ত্রসহ ধৃত বাংলাদেশি দুষ্কৃতী

প্রতিনিধি : বাংলাদেশ থেকে চোরাপথে পালিয়ে এসে ভারতে আশ্রয় নিয়েছিল এক ব্যক্তি। স্থানীয়দের মাধ্যমে খবর পেয়ে পুলিশ শুক্রবার রাতে তাকে আটক করে তল্লাশি চালিয়ে তার কাছ থেকে একটি গুলিভর্তি পিস্তল উদ্ধার হয়। বাগদা থানা এলাকার ঘটনা।

পুলিশ জানিয়েছে, ধৃত বাংলাদেশি দুষ্কৃতীর নাম মহম্মদ উকিল মল্লিক। বাড়ি বাংলাদেশের সারষা থানার যশোর জেলায়। বাংলাদেশের একাধিক থানায় তার বিরুদ্ধে মামলা রয়েছে। বাংলাদেশে তার বিরুদ্ধে একাধিক দুষ্কর্মের অভিযোগ রয়েছে। চতুর্থ পাতায়...



Behag Overseas
Complete Logistic Solution
(MOVERS WHO CARE)
MSME Code UAM No.WB10E0038805
ROAD - RAIL - BARGE - SEA - AIR
CUSTOMS CLEARANCE IN INDIA
Head Office : 48, Ezra Street, Giria Trade Centre, 5th Floor, Room No : 505, Kolkata - 700001
Phone No. : 033-40648534
9330971307 / 8348782190
Email : info@behagoverseas.com
petrapole@behagoverseas.com
BRANCHES : KOLKATA, HALDIA, PETRAPOLE, GOJADANGA, RANAGHAT RS., CHANGRABANDHA, JAIGAON, CHAMURCHI, LUKSAN, HALDIBARI RS, HILI, FULBARI



সবার পছন্দ
নির্মাল্য
মা এর Vaccination তো হলো
এবার শাড়ি টা ?

আমাদের দ্বিতীয় শোরুম
কোর্ট রোড, হাই স্কুল এর সামনে, বনগাঁ

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র
# সার্বভৌম সমাচার
বর্ষ ০৬ ❐ সংখ্যা ০৩ ❐ ০৭ এপ্রিল, ২০২২ ❐ বৃহস্পতিবার

## শব্দদূষণে জেরবার শহর

শহর জুড়ে প্রায় সর্বত্রই তারস্বরে মাইক বাজছে। মাইকের আওয়াজে নাজেহাল হওয়াটা এখানকার মানুষের দৈনন্দিন রুটিন হয়ে গিয়েছে। রাস্তায় চোখ রাখলেই দেখা যাচ্ছে বিদ্যুতের খুঁটিতে বাঁধা রয়েছে মাইক। শহরবাসীর অভিযোগ, বছরভর শব্দের দাপট চলে। যে কোনও অনুষ্ঠানে মাইক বাঁধাটা এক প্রকার নিয়মে পরিণত হয়ে গিয়েছে। সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক হোক বা ধর্মীয়; যে কোনও অনুষ্ঠানেই চোঙা বাঁধাটা এক প্রকার বাধ্যতামূলক হয়ে গিয়েছে। অথচ এই শব্দের দাপটে রাস্তায় বেশিক্ষণ থাকতে পারছেন না মানুষ। অনেকসময় মোবাইলের রিংটোন শুনতে পান না পথচারীরা। এমনকি যানবাহনের হর্নও ঠিকমত শুনতে সমস্যা হচ্ছে। কারও সঙ্গে দাঁড়িয়ে কথা বলা যায় না। সবচেয়ে বেশি সমস্যা হচ্ছে প্রবীণ মানুষদের। সমস্যায় পড়ছে পড়ুয়ারাও। শহর এলাকায় মানুষ শান্তিতে বাড়িতে বিশ্রামও নিতে পারছেন না। ব্যবসায়ীরাও দোকানে বসে থাকতে পারছেন না। ক্রেতাদের দোকানে ঢুকে জোরে জোরে কথা বলতে হচ্ছে। দোকানিদের কথায়, “চোঙার দাপটে দোকানে বসে থাকা যাচ্ছে না। ক্রেতার সংখ্যাও কমে যাচ্ছে।” অভিভাবকরা বলেন, “ছেলেমেয়েদের লেখাপড়া লাটে উঠতে বসেছে।” অভিযোগ, অনুষ্ঠান শুরুর আগে থেকেই ইদানীং মাইক বাজানো হচ্ছে। কোন অনুষ্ঠানে কারা কত বেশি মাইক বাঁধতে পারে তার প্রতিযোগিতা শুরু হয়েছে। অতীতে শহরের কিছু মানুষ শব্দদূষণ প্রতিরোধ মঞ্চ তৈরি করে সাধারণ মানুষকে সচেতন করতে প্রচার করেন। শহরে মিছিল বের করা হয়েছিল। মানবাধিকার সংগঠন এপিডিআর-এর তরফে পুলিশ প্রশাসনের কাছে স্মারকলিপিও দেওয়া হয়েছিল। সেসময় পরিস্থিতির কিছুটা উন্নতি হলেও পুরোপুরি ভাবে বন্ধ করা যায়নি বনগাঁ শহরের শব্দদূষণ। এখন দেখার প্রশাসনের উদাসীনতায় আর কতদিন বনগাঁ শহরে শব্দের তাণ্ডব চলে।

## আনন্দ আসরের বার্ষিক অনুষ্ঠানে নানা প্রতিযোগিতা

নীরেশ ভৌমিক ঃ সম্প্রতি মছলন্দপুরের অন্যতম সাংস্কৃতিক সংস্থা ‘নিমতলা আনন্দ আসর’-এর বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান সাড়ম্বরে অনুষ্ঠিত হল। সংস্থার সম্পাদক বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব দেবাশীষ সাহা জানান এদিন সকালে স্থানীয় নিমতলা প্রাথমিক বিদ্যালয় অঙ্গনে কলার পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে নানা প্রতিযেগিতার মধ্য দিয়ে সাংস্কৃতিক উৎসবের সূচনা হয়। বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতার মধ্যে ছিল বসে আঁকো, সংগীত ও আবৃত্তি প্রতিযোগিতা। এলাকার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা বয়সভেদে বিভিন্ন প্রতিযোগিতায় অংশ গ্রহন করে।

অপরাহ্নে বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরনী অনষ্ঠানে উপস্থিত বিশিষ্ঠ জনেদের বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করা হয়। বিশিষ্ট ব্যক্তিবর্গ তাঁদের বক্তব্যে সুস্থ সাংস্কৃতির চর্চা ও প্রসারে আনন্দ আসর সংস্থার প্রয়াসকে সাধুবাদ জানান। সমবেত সংগীত ও নৃত্যের অনুষ্ঠান শেষে ক্লাব সদস্যগন পরিবেশিত মঞ্চ সফল নাটক ‘ভাঙছে সুখের ঘর’। সমবেত দর্শক সাধারনের উচ্ছসিত প্রশংসা লাভ করে। সবকিছু মিলিয়ে আনন্দ আসর আয়োজিত বার্ষিক সাংস্কৃতিক অনষ্ঠান-২০২২ এলাকায় সাড়া ফেলে।


## বিজ্ঞান বিষয়ক নিবন্ধ

## জিন ডোপিং ক্রীড়া জগতে আশঙ্কার কালো মেঘ তৈরি করেছে



### অজয় মজুমদার

অ্যাথলিটদের চোখধাঁধানো সাফল্য প্রশ্নচিহ্নের মুখে দাঁড় করিয়ে দিয়েছে। ক্রীড়া জগতে ডোপিং বলতে বোঝায় উদ্দীপক কিছু ওষুধের সাহায্যে, যেমন স্টেরয়েড, এন্ড্রোজেন ইত্যাদি। সামগ্রিকভাবে খেলোয়াড়ের পারফরম্যান্স বাড়ানোর প্রক্রিয়া। ক্ষমতাবর্ধক ওষুধগুলির কোন স্থায়ী প্রভাব দেহে থাকে না। কিন্তু কৃত্রিম উপায়ে জিনের চরিত্র বদলে ফেলে ক্ষমতাবৃদ্ধির খেলোয়াড়ি প্রয়াসই হল জিন ডোপিং। এক্ষেত্রে শরীরে বিশেষ করে পেশিতে কোন বিশেষ জিন বা জিনের অংশ প্রবেশ করিয়ে কিংবা ওষুধের মাধ্যমে দেহের কোন বিশেষ জিনকে উদ্দীপিত করে খেলোয়াড়ের পরিশ্রম করার ক্ষমতা বাড়ানো হয়।



বিজ্ঞান পত্রিকা 'নেচার' সাম্প্রতিক একটি গবেষণাপত্র ভীষণভাবে উত্তেজনা সৃষ্টি করেছে। এই গবেষণাপত্রে বলা হয়েছে অলিম্পিকে বিভিন্ন ক্ষেত্রে সোনাজয়ী নানা অ্যাথলিটদের জিন মানচিত্র যাচাই করে দেখা যাচ্ছে, অধিকাংশ পুরুষ স্প্রিন্টারের শরীরে এসিটিএন-৩' জিনের রূপভেদ (৫৭৭৩ আর অ্যালিল) রয়েছে। যা খেলোয়াড়ি ক্ষমতা বাড়ায়। গবেষক দলের অন্যতম হুয়ান এনরিকেজ ও স্টিভ গুলানস বলেন, ক্রীড়া মহলে 'পাওয়ার জিন' নামে খ্যাত ওই ৫৭৭ আর অ্যালিল আফ্রিকায় কমপক্ষে ৮৫% মানুষের দেহে পাওয়া যায়। এদের মধ্যে সকলেই খেলোয়াড় না হলেও সেই শারীরিক সক্ষমতা সম্পন্ন ওই গবেষকদের দাবি এ পর্যন্ত এরিথ্রোপোয়োটিনে(ইপিও), গ্রোথ ফ্যাক্টর,



মায়োস্ট্যাবটিন, এসিই, এন্ডানেগ্রিন সহ প্রায় ২০০ রকমের খেলোয়াড়ি জিনের খোঁজ পাওয়া গিয়েছে। স্টিভ- হুয়ানরা আর একটি চমকপ্রদ সংবাদ পরিবেশন করেছেন। তাঁদের বিবরণ থেকে জানা যায়, নেপালি শেরপাদের ৯৪% শরীরে এসিই জিনের রূপভেদ আছে। তার জন্যই ওরা আট হাজার মিটার উচ্চতায় সহজেই উঠে যেতে পারে। ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের জিন থেরাপি সংক্রান্ত বিজ্ঞানী ওয়ান্ডা-র, চেয়ারম্যান থিওডোর ফ্রায়েডম্যানের বক্তব্য না জেনেবুঝে অনেক অ্যাথলিট গোপনে জিন ডোপিং করছেন। এতে ভীষণ ক্ষতিও হতে পারে। ক্রীড়া ক্ষমতা বাড়াতে যার দেহে খেলোয়াড়ি জিন প্রবেশ করানো হচ্ছে, তাঁর শরীর আদৌ সেই চাপ নিতে পারবে কিনা, সেটা যাচাই করে দেখা হচ্ছে না। ফলে অনেকে ক্যান্সার বা অন্য কঠিন রোগে আক্রান্ত হচ্ছেন। কারোও কারোও মৃত্যুও হচ্ছে।

জিন ডোপিং-এ ব্যবহৃত এজেন্ট —

অসংখ্য জিন আছে যারা জিন ডোপিং এ আগ্রহী। উল্লেখযোগ্য হলো এরিথ্রোপয়েটিন, ইনসুলিনের মত গ্রোথফ্যাক্টর, হিউম্যান গ্রোথ হরমোন, মায়োস্ট্যাটিন, ভাস্কুলার এন্ড্রোথেলিয়ার ফাইব্রোব্লাস্ট গ্রোথ ফ্যাক্টর, এন্ডোরফিল, এনকেফালিন এবং আলফা অ্যাক্টিনিন-৩, শুধুমাত্র মানুষের কঙ্কালের পেশিতে পাওয়া যায়। বিভিন্ন জেনেটিক গবেষণায় এটিকে সাধারণ মানুষের তুলনায় বিশ্বমানের ক্রীড়াবিদের মধ্যে একটি ভিন্ন পলিমরফিজম হিসাবে চিহ্নিত করা হয়েছে। একটি ফর্ম বা জিন আরোও প্রোটিন তৈরি করে স্প্রিন্টার গুলিকে পাওয়া যায়। এবং এটি বর্ধিত শক্তির সাথে সম্পর্কিত, আরেকটি ফর্ম বা জিনকে কম প্রোটিন তৈরি করে ও তা সহনশীল ক্রীড়াবিদদের মধ্যে পাওয়া যায়। জিন ডোপিং এজেন্টকে হয় পলিমরফিজম দিয়ে ডিভাইস করা যেতে পারে বা ধৈর্যশীল ক্রীড়াবিদদের জন্য কিছু ডিএনএ গঠন যা একটি ছোট হস্তক্ষেপকারী আর এন এ গঠন অভিব্যক্তিতে হস্তক্ষেপ করে। ভিইজিএফ রক্তের প্রবাহ বৃদ্ধির জন্য ক্লিনিক্যাল ট্রায়ালে পরীক্ষা করা হয়েছে এবং একটি সম্ভাব্য জিন ডোপিং এজেন্ট হিসাবে বিবেচিত হয়েছে। মূল ধারার দৃষ্টিভঙ্গি হল— জিন ডোপিং বিপদজনক এবং অনৈতিক। যেমনটি অ- থেরাপিউটিক বা বর্ধক, উদ্দেশ্য থেরাপিউটিক হস্তক্ষেপে কোন প্রয়োগ, এবং এটি ওষুধের নৈতিক ভিত্তি এবং খেলাধুলা চেতনার সঙ্গে আপোষ করে। অন্যরা যারা বৃহত্তম ভিত্তিতে মানুষের উন্নতিকে সমর্থন করে।

## বর্ষপঞ্জি বা পঞ্জিকার সংক্ষিপ্ত ইতিহাস



### সুনীল কুমার রায়

বাংলা বছরের শেষ মাসের মাঝামাঝি সময় থেকেই নতুন বছরের বর্ষপঞ্জি বা পঞ্জিকা সংগ্রহের ব্যস্ততা দেখা দেয়। যদিও অনেক আগে থেকেই পঞ্জিকার খোঁজ চলে। প্রকাশ হওয়া মাত্রই বিক্রি হতে শুরু হয়।

আমরা এই পঞ্জিকা সংগ্রহ করি, আগ্রহ নিয়ে দেখি কিন্তু কখনই কী পঞ্জিকার ইতিহাস নিয়ে ভাবি! বোধহয় না। ব্যতিক্রমী শুধুমাত্র উৎসাহীরা।

আসুন একটু ইতিহাসের চর্চা করি।

যদিও ১৫৮৪ সালের ১২ই মার্চ থেকে বাংলা বর্ষের সূচনা ধরে নেওয়া হয়। বাংলার নববর্ষ উৎসব শুরু হয় ১৬০৮ সাল থেকে।

কিন্তু বর্ষপঞ্জি বা পঞ্জিকা বিষয়টি কি?


প্রচীন সভ্যতায় সূর্য্য ঘড়ি, বালু ঘড়ি সূর্য্যের ছায়াপথ ইত্যাদির উপর ভিত্তি করে সময় কাল নির্ধারণ করা হত। সভ্যতার বিবর্তণে, মানুষের সভ্যতার সামগ্রিক উন্নয়নে ভাবনার পরিবর্তন ঘটে। মূলত কৃষকদের উৎপাদিত ফসলের উপর এটা নির্ভশীল।

এরপর সময়ের অনেক পথ অতিক্রম করে এল ১৫৮২ সাল, তখন পোপ ছিলেন ত্রেয়োদা গ্রেগরি। তাঁর পদাঙ্কানুসারে ১৫৮২ সালের ২৪ শে ফেব্রুয়ারী মানব সভ্যতার এল এক নতুন বর্ষপঞ্জি। নামকরণ হয় গ্রেগোরিয়ান (গ্রেগোরীয়) বর্ষপঞ্জি। এর নির্ধারিত পথ ধরে নতুন নামের যাত্রাপথ প্রচলন হল। তখন শুধু মাত্র রোমান ক্যাথলিকরা এটি মেনে চলতো। এখন সারা বিশ্ব এটির প্রতি মান্যতা দিয়ে, চিকিৎসক অ্যালয়সিয়াস লিলিয়াসের দেওয়া প্রস্তাবে সংশোধন করে পৃথিবীর সর্বত্রই বর্ষপঞ্জি বা পঞ্জিকা এই পথেই চলে। এমনকি বাংলা পঞ্জিকার ক্ষেত্রেও প্রযোজ্য।

এরে আগে খৃষ্ঠপূর্ব ৮৬ অব্দে গাইও জুলিওকাসের বা জুলিয়াস সিজার প্রবর্তন করেছিলেন ‘জুলিয়াস বর্ষপঞ্জি।’ ৪৫ অব্দে মিশরের রোমানদের জয়ের পর থেকেই এটির প্রক্রিয়া শুরু হয়। ইতিহাসবিদ্‌রা বলে থাকেন ‘জুলিয়াস বর্ষপঞ্জি’ হচ্ছে গ্রেগরি বর্ষপঞ্জির মূল উৎস মুখ।

সাধারণত ‘জুলিয়াস বর্ষপঞ্জির গণনা শুরু হয় সূর্য্যের এক মহাবিষুব থেকে পুনরায় ফিরে আসার সময়ানুসারে।

এই হিসাব অনুযায়ী সূর্যের একবার প্রদক্ষিণে ৩৬৫.২৫ দিন




স ম য. লাগত। যেটি হিসাব অনুসারে ১১ মিনিট কম। এই মিনিটের পার্থক্যে প্রতি ৪০০ বছর অন্তর সময়ের ব্যবধান অনেকটা কমে যায় বা পার্থক্য ধরা পড়ে। অর্থাৎ ২১ শে মার্চ হয়ে যায় ১১ই মার্চ।

তখন পুনরায় জুলিয়াস বর্ষপঞ্জি ও ইষ্টারের বর্ষপঞ্জির সমন্বয় সাধন করে অ্যালয়সিয়াস লিলিয়াসের সংশোধনী অনুসারে বর্তমানে গ্রেগরীয় বর্ষপঞ্জি গ্রহন করা হয়। পৃথিবীর এখন সর্বত্রই গ্রেগরীয় বর্ষপঞ্জি বা পঞ্জিকাকে স্মারক ধরে নেওয়া হয়। এই হিসাব অনুযায়ী ইংরাজী বর্ষকে মোট অতিক্রান্ত সময়কে ১২ দিয়ে ভাগ করে মাস নির্ধারণ করা হয়। যেমন জানুয়ারী থেকে ডিসেম্বর। শুধুমাত্র লিপ ইয়ার।

বাংলাকে পঞ্জিকার সাড়ম্বর ১৬০৮ সালে সম্রাট জাহাঙ্গীরের সময় থেকে।

আকাশে রাশি মণ্ডলে সূর্যের আহ্বানের উপর ভিত্তি করে বাংলা মাস নির্ধারণ করা হয়। জ্যোতিবিজ্ঞানীদের মতে সংখ্যাতত্ত্ব অনুসারে সামান্য পরিবর্তন ঘটে। যেমন, সূর্যের যে সময় মেষ রাশিতে সেই মাসকে চিহ্নিত করা হয় বৈশাখ হিসাবে এভাবেই পরবর্তী মাস।

মনে রাখতে হবে বঙ্গাব্দ থেকে সব সময়ই গ্রেগরীয় বর্ষপঞ্জি ৫৯৩ বছর কম।

শকাব্দ বা শালীবাহানাব্দ ভারতীয় উপমহাদেশের এই প্রচলিত এক প্রাচীন অব্দ।

এই শকাব্দ বঙ্গাব্দের ৫১৫ বছর পূর্বে আবার খ্রিষ্টাব্দের ৭৮ বছর পর।

ভারতের কিংবদন্তী বিচিত্রবীর্য রাজা শালিবাহনের প্রয়ানের সময় থেকে এই শকাব্দ চালু।

রাজা শালিবাহন বহিরাগত জাত শকদের আক্রমন করে এবং পরাস্ত করে শকারি উপাধি পান।

সেই শকারিই অপভ্রংশে শকাব্দ

খুব সংক্ষেপে বিক্ষিপ্তভাবে পঞ্জিকার এটিই ইতিহাস।

বিজ্ঞাপনের জন্য
৯২৩২৬৩৩৮৯৯
৮৯১৮৭৩৬৩৩৫
সার্বভৌম সমাচার

# কৌশিকী ক্রিয়েশান-এর জমজমাট প্রদর্শনী



নীরেশ ভৌমিক ঃ চাঁদপাড়ার মোহিত সাহার কাপড়ের হাটে গত ৩ এপ্রিল স্থানীয় কৌশিকী ক্রিয়েশান আয়োজিত নানা সামগ্রীর এক প্রদর্শনী নঅনুষ্ঠিত হয়। এদিন মধ্যাহ্নে ফিতে কেটে আয়োজিত প্রদর্শনী আনুষ্ঠানিক উদ্বোধন করেন বর্ষিয়ান সমাজ সেবী তপতী সাহা। উপস্থিত ছিলেন বাজার কমিটির সম্পাদক সঞ্জয় সাহা ও অন্যতম উদ্যোক্তা প্রসেনজিৎ সাহা প্রমুখ। কৌশানী ক্রিয়েশান-এর কর্নধার পায়েল সাহা উপস্থিত সকলকে শুভেচ্ছা এ অভিনন্দন জ্ঞাপন করেন। পায়েল সাহার আহবানে সাড়া দিয়ে এ দিনের অফলাইন এগজিবিশানে দুর্গাপুর, সোনারপুর, কলকাতার ভবানীপুর, বরানগর সহ বিভিন্ন জেলা থেকে সেল্প হেল্প গ্রুপ সহ বিভিন্ন হস্তশিল্পীরা ব্যবসায়ী ও দোকানিরা উপস্থিত হন। চোঁখ ধাঁধানো অলঙ্কার, জামাকাপড়, ইনার আইটেম, বড়ি, পাপড়, স্যানিটারি ন্যাপকিন, ছোটদের পোষাক, খেলনা, টেরাকোটার জিনিসপত্র সহ হাতে তৈরি নানা সামগ্রী নিয়ে দোকানিরা দোকান সাজিয়ে বসেন। একদিনের এই প্রদর্শনীতে বৃহত্তর চাঁদপাড়া এলেকার বিভিন্ন গ্রাম থেকে বহু মানুষ বিশেষ করে মহিলারা ভিড় জমান। রাত ৮টা অবধি চলা মেলায় বহু মানুষের উপস্থিতি চোখে পড়ে। উদ্যোক্তা প্রসেনজিৎ সাহা জানান, এদিনের এই প্রদর্শনীর জন্য হাট কমিটি কোন ভাড়া নেন নি।

আমাদের ইউটিইউ চ্যানেলে আরও বিস্তারিত খবর দেখতে পাশের কোড স্ক্যান করুন।

সার্বভৌম সমাচার

# দত্তপুকুর দৃষ্টির থিয়েটার দিবস উদ্‌যাপন পালিত




নীরেশ ভৌমিক ঃ ২৭ মার্চ দত্তপুকুর দৃষ্টি নাট্য সংস্থা যথাযোগ্য মর্যাদা সহকারে পালন করে বিশ্ব থিয়েটার দিবস। সংস্থার নির্মীয়মান মহলা কক্ষে এদিন নাট্যদলের প্রবীন সদস্য সুমন মীরবহরের ঢোল বাজনার মধ্য দিয়ে নাট্য দিবস উপলক্ষে আয়োজিত নানা অনুষ্ঠানের সূচনা হয়। বাজনার সাথে সংস্থার নাট্য কর্মীগন নাটকের গান পরিবেশন করেন। এরপর খুদে কুশীলব অহনা, ঐশী ও সুস্মিতার তাৎক্ষণিক অভিনয়ে পরিবেশিত হয় নাটক চিৎকার নয় সকলের মনোরঞ্জন করে।

সংস্থার অন্যতম সদস্য শিক্ষারত্ন প্রাপ্ত প্রধান শিক্ষক মনোজ ঘোষ থিয়েটার দিবসের উৎস ও তাৎপর্য ব্যক্ত করে ভাষন দেন। সংস্থার বিশিষ্ট অভিনেত্রী গার্গী ভট্টাচার্য সংগীতের মধ্য দিয়ে থিয়েটারের অন্তরালের কঠোর পরিশ্রম ও ভালোলাগর বিষয়টি তুলে ধরেন। এদিনের অনুষ্ঠানে সম্পদ রায়ের মুকাভিনয় উপস্থিত সকলের প্রশংসা লাভ করে। সংস্থার সংগীতানুষ্ঠান, দৃষ্টির প্রাণপুরুষ তথা নাট্যব্যক্তিত্ব বুদ্ধদেব ভট্টাচার্য্যের মনোগ্রাহী বক্তব্য উপস্থিত সকলের হৃদয় ছুঁয়ে যায়।

# বিশ্বনাট্য দিবসে আলোর নাট্যানুষ্ঠান

সঞ্জিত সাহা ঃ বিশ্বনাট্য দিবসে নানা অনুষ্ঠানের আয়োজন করে গাইঘাটার বাগনা আলো নাট্য সংস্থার সদস্যরা।

২৭ মার্চ বিশ্বনাট্য দিবসে আয়োজিত অনুষ্ঠানের শুরুতেই সংস্থার সদস্যগন সংগীত, নৃত্য, আবৃত্তি ও কথায় কবিতায় দিনটিকে বরন করে নেয়। নাট্য দিবস উপলক্ষে সংস্থার মহলা কক্ষে কুশীলবগণ ৪খানি নাটক মঞ্চস্থ করে। প্রথম নাটক নারায়ন গঙ্গোপাধ্যায়ের কাহিনী অবলম্বনে শিক্ষামূলক নাটক ‘পরের উপকার করিও না।’

দ্বিতীয় নাটক রবি ঠাকুরের গল্প অবলম্বনে নাটক ‘ছুটি’, তৃতীয় নাটক চন্দন সেন এর ‘মৃত্যুর অধিকার’, শেষ নাটক সংস্থার পরিচালক জয়ন্ত চক্রবর্তী নির্দেশিত মর্মস্পর্শী নাটক ‘সে আমার ছোট বোন’। এলেকার নাট্যামোদী দর্শক সাধারণের উপস্থিতিতে বিশ্ব নাট্য দিবস উপলক্ষে অনুষ্ঠিত সমগ্র অনুষ্ঠান সার্থক হয়ে ওঠে।

# বাবার মাথা ফাঁটিয়ে শ্রীঘরে গুণধর ছেলে

প্রথমপাতার পর...

পড়তে দেখে পরিবারের অন্যান্য সদস্য এবং প্রতিবেশিরা ছুটে আসেন। তাকে উদ্ধার করে চাঁদপাড়া ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যায়।

স্বপন বাবু বলেন "দোকান থেকে বাড়ি ফিরে দেখে ছেলের বন্ধু তার প্রেমিকের সাথে আপত্তিকর অবস্থায় আমার ঘরে রয়েছে। প্রতিবাদ করায় ছেলে ইঁট দিয়ে আমার মাথা ফাটিয়ে দেয়। ছেলের উপযুক্ত শাস্তির দাবি জানাচ্ছি।" ঘটনার নিন্দা জানিয়ে প্রতিবাদে সরব হয়েছেন প্রতিবেশিরাও।

তাঁরা বলেন, আগে একদিন রাতে একটা ছেলে ও মেয়ে সুমনদের বাড়িতে এসেছিল। যা নিয়ে ওদের মধ্যে ঝামেলা হয়েছিল। এই সব গ্রামের মধ্যে চলতে পারে না।

বিষটি আমারও প্রশানকে জানাবো। সুমনকে আটক করে পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# অস্ত্রসহ ধৃত বাংলাদেশি দুষ্কৃতী

প্রথমপাতার পর...

সে দেশের পুলিশের হাতে ধরা পরে যাওয়ার ভয়ে সে বাগদার গাঙ্গুলিয়া সীমান্ত দিয়ে চোরাপথে ভারতে এসে আষাঢু বাজার এলাকায় আশ্রয় নেয়। স্থানীয়দের আত্মীয় বাড়িতে এসেছে বলে জানোতো সে। তার চলাফেরা সন্দেহজনক হওয়ায় স্থানীয়রা গোপনে বাগদা থানার পুলিশের সঙ্গে যোগাযোগ করে। শুক্রবার রাতে পুলিশ ধৃতকে আটক করে। জেরায় পুলিশ জানতে পারে সে বাংলাদেশি দুষ্কৃতী।

আমাদের—

অনলাইন পেজ

ফেসবুক পেজ

ইউটিউব পেজ

হোয়াটস্অ্যাপ লিংক

## নাম-পদবী পরিবর্তন

আমি Dibash Chandra Mondal, বয়স ৫৮ বছর, পিতা- Late Rajendra Nath Mondal, গ্রাম- শিমুলপুর, পোঃ- ঠাকুরনগর, থানা- গাইঘাটা, জেলা- উত্তর ২৪ পরগণা। আমার ভোটার কার্ডে (NNR1341346) এবং আধার কার্ডে (8663 7984 5927) আমার জন্ম তারিখ লেখা আছে 01/03/1964 এবং নাম লেখা আছে Dibash Chandra Mondal। আমার পুরানো পাসপোর্টে (C025198) আমার নাম লেখা আছে Dibash Mondal এবং আমার জন্ম তারিখ লেখা আছে 01/06/1962। আমি বনগ্রাম নোটারি পাবলিক অফিসার মিনা রায় ভৌমিক-এর 44/2022 নম্বর এফিডেভিট দ্বারা ঘোষণা করেছি আমি Dibash Chandra Mondal ও Dibash Mondal এক এবং অভিন্ন ব্যক্তি এবং আমার সঠিক জন্ম তারিখ 01/03/1964।

HALL MARK
বনগাঁয় সবার মুখে এক কথা—
রকমারি ডিজাইন, গহনার গড়নে সাবেকিয়ানা,
আধুনিকতায় অনন্য প্রতিষ্ঠান
আমাদের গহনার মজুরী সবার থেকে কম
নিউ পি. সি. জুয়েলার্স
বাটার মোড়, বনগাঁ (বনশ্রী সিনেমা হলের সামনে)
নিউ পি. সি. জুয়েলার্স ব্রাঞ্চ
বাটার মোড়, বনগাঁ (কুমুদিনী বিদ্যালয়ের বিপরীতে)
নিউ পি. সি. জুয়েলার্স বিউটি
মতিগঞ্জ হাটখোলা, বনগাঁ, উত্তর ২৪ পরগনা
এন পি.সি. অপটিক্যাল
এখানে সু-চিকিৎসকের পরামর্শে কম্পিউটার দ্বারা চক্ষু পরীক্ষা করা হয়। আধুনিক মানের চশমার ফ্রেম, গ্লাস ও লেন্সের বিশাল সম্ভার।
বাটার মোড়, (কুমুদিনী স্কুলের বিপরীতে), বনগাঁ

M. 8250131562 9333055067
গৌতমের
সরকার অনুমোদিত
দি স্পন্দন
প্যাথলজিক্যাল ল্যাবরেটরী
হেনা ও কুশারী ফার্মেসীর পার্শ্বে
এখানে সব রকমের রক্ত, মল, মূত্র পরীক্ষা করা হয়
এবং ই.সি.জি, এক্সরে, আলট্রাসোনোগ্রাফী করা হয়।
রেটপাড়া, বনগাঁ, উত্তর ২৪ পরগণা, পিন- ৭৪৩২৩৫, পশ্চিমবঙ্গ

COMPUTER & PRINTER REPAIRING
যত্ন সহকারে সামনে বসে কাজ করা হয়
কার্টিজ রিফিল করা হয়।
UNICORN
Mob. : 9734300733
অফিস ঃ কোর্ট রোড, লোটাস মার্কেট, বনগাঁ, উঃ ২৪ পরঃ

Arup Kumar Nath
Customs Clearing & Forwarding Agent
: 03215-245 718
9475399888
8768010885
: absenterprise43@gmail.com
absenterprise43@yahoo.com
A.B.S. ENTERPRISE
Hazi Market (1st Floor) ● PETRAPOLE ● BONGAON ● NORTH 24 PARGANAS

তান্ত্রিক জ্যোতিষ সম্রাট চণ্ডীরত্ন গীতাভারতী, স্বর্ণপদক প্রাপ্ত
এস এস আচার্য / এস এস চ্যাটার্জী
ব্যবসা, চাকুরী, বিবাহ, বিদেশযাত্রা, গ্রহদোষ, বাস্তুদোষ,
প্রতিকারসহ শ্রাদ্ধ-শান্তি, উপনয়ণ এবং প্রায়শ্চিত্ত করা হয়।
পুরোহিত শুভজিৎ আচার্য
চাঁদপাড়া ১নং রেলবাজার, ঢাকুরিয়া কালীবাড়ি, ২৪ পরঃ (উঃ)
মোঃ ৯৩৩২২৩৬১১৫/৯৭৩৪৩৭৮৯০৩/৮৩৭১০৪৬৪৯৭

Printer, Publisher & Owner **Utpal Mallick**, Published at Kalupur (Uttarpara, P.O.- Kalupur, P.S.- Bongaon, Dist.- North 24 Parganas, W.B. PIN- 743235 and Printed at Kumar Press at Tawbazar, Bongaon, North 24 Parganas, W.B., PIN- 743235 - 9232633899 / 9647791986 / 7076271952
e-mail.- sarbabhauma@gmail.com, Web- https://www.sarbabhaumasamachar.in
**Editor- Utpal Mallick**